

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার  
\*\*\*\*\*

স- ১৭২৪

বিশালগড়, ৭ নভেম্বর, ২০২৪

বিশালগড়ে প্রাণী পালনে সহায়তা

চলতি অর্থবছরে মুখ্যমন্ত্রী প্রাণীসম্পদ বিকাশ যোজনায় সম্প্রতি বিশালগড় ব্লকের বিভিন্ন গ্রাম পঞ্চায়েতে প্রাণীপালকদের নানা সহায়তা দেওয়া হয়েছে। প্রাণীসম্পদ বিকাশ দপ্তরের পক্ষ থেকে এই প্রকল্পে ১০০ জনকে দেওয়া হয় ১ হাজার মোরগের বাচ্চা, মোরগ রাখার খাঁচা এবং ২০০ কিলোগ্রাম সুষম খাদ্য। এ প্রকল্পে হাঁস পালনে ৫১ জনকে দেওয়া হয় ৫১০টি উন্নত প্রজাতির হাঁসের বাচ্চা, হাঁস রাখার খাঁচা এবং ১০২ কিলোগ্রাম সুষম খাদ্য। প্রাণীসম্পদ বিকাশ দপ্তরের বিশালগড় সহ অধিকর্তার কার্যালয় থেকে এই সংবাদ জানানো হয়েছে।

\*\*\*\*\*